# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা, চট্টগ্রাম

মোবাইল: ০১৮১৯-৯৩০৪৮৮


**তারিখ:২২.০২.২০২৬**

প্রেস বিজ্ঞপ্তি

## হালিশহরে ৩ উন্নয়ন প্রকল্পের উদ্বোধন করলেন মেয়র ডা. শাহাদাত হোসেন

### কিশোর গ্যাং অপসংস্কৃতি মোকাবেলায় ৪১টি ওয়ার্ডে ৪১টি খেলার মাঠ গড়ে তোলা হবে

কিশোর গ্যাং অপসংস্কৃতি মোকাবেলায় নগরের ৪১টি ওয়ার্ডে ৪১টি খেলার মাঠ গড়ে তোলার উদ্যোগ বাস্তবায়ন করছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। এমন ঘোষণা দিয়েছেন ডা. শাহাদাত হোসেন। রোববার ২৫ নম্বর রামপুর ওয়ার্ড ও ২৬ নম্বর উত্তর হালিশহর ওয়ার্ডে বাস্তবায়িত তিনটি উন্নয়ন প্রকল্পের উদ্বোধনকালে তিনি এ কথা বলেন। মেয়র বলেন, গত ১৬ বছরে সমাজের অন্যতম বড় সমস্যা হিসেবে কিশোর গ্যাং সংস্কৃতি বিস্তার লাভ করেছে। তরুণদের খেলাধুলা ও ইতিবাচক কার্যক্রমে সম্পৃক্ত করতে না পারলে এই সমস্যা থেকে উত্তরণ সম্ভব নয়। মাঠভিত্তিক ক্রীড়া ও সামাজিক কর্মকান্ড কিশোর অপরাধ দমনে কার্যকর ভূমিকা রাখবে। তিনি বলেন, পড়ালেখার পাশাপাশি খেলাধুলা অপরিহার্য। সুস্থ দেহে সুস্থ মন গড়ে ওঠে। এই দর্শন বাস্তবায়নে নগরে পর্যাপ্ত খেলার মাঠ নিশ্চিত করা হচ্ছে। ইতোমধ্যে মহসিন কলেজ মাঠ, বাকলিয়া স্কুল মাঠ, বহুরূপী মাঠ, আকবর শাহ এলাকার ফিরোজশাহ মাঠ, আগ্রাবাদ শিশুপার্ক সংলগ্ন জাম্বুরি মাঠ এবং হালিশহর বিডিআর মাঠ উন্নয়ন বা পুনর্গঠনের উদ্যোগ নেওয়া হয়েছে। পর্যায়ক্রমে ৪১টি ওয়ার্ডে ৪১টি খেলার মাঠ গড়ে তোলা হবে। মেয়র জানান, ২৫ নম্বর রামপুর ওয়ার্ডস্থ হালিশহর এইচ ব্লক আবাসিক এলাকা মাঠের উন্নয়ন, ওয়াকওয়ে নির্মাণ ও আনুষঙ্গিক কাজ প্রায় ১ কোটি ৭০ লাখ টাকা ব্যয়ে সম্পন্ন হয়েছে। প্রকল্পের আওতায় ৪০ হাজার বর্গফুট মাঠের চারদিকে ৭ ফুট প্রশস্ত ওয়াকওয়ে নির্মাণ করা হয়েছে। ওয়াকওয়ের পাশে ৫ ফুট প্রশস্ত দৃষ্টিনন্দন বাগান গড়ে তোলা হয়েছে। মাঠ এলাকায় ১৩২টি গার্ডেন লাইট স্থাপন করা হয়েছে। বাগানের ফাঁকে ৪৪টি বিশ্রাম বেঞ্চ স্থাপন করা হয়েছে, যেখানে একসঙ্গে ২৬৪ জন বসতে পারবেন। ২২ হাজার ৫০০ বর্গফুট আধুনিক সবুজ খেলার মাঠ, ৩ হাজার ৭৫০ বর্গফুট ইনডোর সুবিধা (টেনিস, ব্যাডমিন্টন প্রভৃতি), ৩ হাজার ৩৭৫ বর্গফুট কিডস জোন, ড্রেনেজ ব্যবস্থা এবং বায়ু চলাচল উপযোগী দৃষ্টিনন্দন বাউন্ডারি ওয়াল নির্মাণ করা হয়েছে। এরপর মেয়র ২৫ নম্বর রামপুর ওয়ার্ডস্থ হালিশহর এসি মসজিদ থেকে ওয়াপদা মোড় পর্যন্ত প্রায় ৭ কোটি টাকা ব্যয়ে ১ কিলোমিটার দৈর্ঘ্য ও গড়ে ৩৫ ফুট প্রশস্ত সড়কের উন্নয়ন কাজের উদ্বোধন করেন। রাস্তার উভয় পাশে ৪ থেকে ৫ ফুট প্রশস্ত স্ল্যাবসহ নতুন ড্রেন নির্মাণ করা হয়েছে। এছাড়া ৭ থেকে ৯ ফুট প্রশস্ত বাগানসমৃদ্ধ ওয়াকওয়ে নির্মাণ করা হয়েছে, যা পথচারীদের চলাচলকে নিরাপদ ও আরামদায়ক করবে। এছাড়া, ২৫ ও ২৬ নম্বর ওয়ার্ডস্থ মহেশখালের উপর প্রায় ১২ কোটি ৯৪ লাখ টাকা ব্যয়ে ২৩.৭০ মিটার দৈর্ঘ্য ও ১০.৫০ মিটার প্রস্থের একটি সেতুর উদ্বোধন করেন মেয়র। সেতুর উভয় পাশে এপ্রোচ রোড, দৃষ্টিনন্দন ও নিরাপত্তা রেলিং এবং পর্যাপ্ত লাইটিংয়ের ব্যবস্থা করা হয়েছে। এছাড়া ১.৪৫ কিলোমিটার দৈর্ঘ্য ও ৬ মিটার প্রস্থের কার্পেটিং রোড, ৩০০ মিটার আরসিসি রোড, ৪৭৫ মিটার ফুটপাত, বিজিবি অফিসের সামনে ৩৫২ মিটার দৃষ্টিনন্দন বাউন্ডারি ওয়াল, ১২০টি লাইট এবং ৬২ মিটার আরসিসি প্রতিরোধ দেয়াল নির্মাণ করা হয়েছে। মেয়র বলেন, এ সেতু চালু হওয়ায় দুই ওয়ার্ডের মানুষের যাতায়াত সহজ হবে এবং স্থানীয় বাণিজ্যিক কার্যক্রমে গতি আসবে। চট্টগ্রামকে একটি আধুনিক, পরিবেশবান্ধব ও পরিকল্পিত নগর হিসেবে গড়ে তুলতে অবকাঠামোগত উন্নয়ন ধারাবাহিকভাবে চলবে। নাগরিকদের জীবনমান উন্নয়নই সিটি কর্পোরেশনের প্রধান লক্ষ্য। এসময় আরো উপস্থিত ছিলেন বর্ডার গার্ড বাংলাদেশ এর চট্টগ্রাম দক্ষিণ-পূর্ব রিজিয়নের রিজিয়ন কমান্ডার ব্রিগেডিয়ার জেনারেল সোহেল আহমেদ, চসিকের ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা ও সচিব মো. আশরাফুল আমিন, প্রধান প্রকৌশলী আনিসুর রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) আবু সাদাত তৈয়ব, নির্বাহী প্রকৌশলী আনোয়ার জাহান, তাসমিয়া তাহসিন, সহকারী প্রকৌশলী মো: মোহাইমিনুল ইসলাম প্রমুখসহ চসিকের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ ও স্থানীয় ওয়ার্ড নেতৃবৃন্দ।



## ফিরিঙ্গী বাজারে অসহায়দের মাঝে ইফতার সামগ্রী বিতরণকালে ডা. শাহাদাত হোসেন

### মানুষের পাশে থাকাই হবে বিএনপির আগামী দিনের রাজনীতি

চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র ও মহানগর বিএনপির সাবেক সভাপতি ডা. শাহাদাত হোসেন বলেছেন, রোজা হচ্ছে সম্প্রীতির মাস, ভালোবাসার মাস। একে অপরকে সহযোগিতা করার মাস। রাজনীতিতে এ গুণাবলি আমাদের আনতে হবে। শুধু রোজার মাসে হলে হবে না সারাবছরই আমাদের রাজনীতিতে গুণগত পরিবর্তন আনতে হবে।মানুষের সাথে সম্পৃক্ত থাকতে হবে। মানুষকে ভালোবাসতে হবে। মানুষের সুখে দুঃখে পাশে থাকাই হবে বিএনপির আগামী দিনের রাজনীতি, তারেক রহমানের রাজনীতি। রবিবার (২২ ফেব্রুয়ারী) বিকেলে নগরীর

আলকরন ড্রিমল্যান্ড কমিউনিটি সেন্টারে পবিত্র মাহে রমজান উপলক্ষে কোতোয়ালী থানা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আলহাজ্ব জাকির হোসেনের সার্বিক সহযোগিতায় দুঃস্থ অসহায়দের মাঝে ইফতার সামগ্রী বিতরণকালে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। প্রথম রোজা থেকে শুরু করে মোট ১৬০০ অসহায় ও নিম্নবিত্ত পরিবারের মাঝে চাল, ডাল, তেল, ছোলাসহ প্রয়োজনীয় ইফতার ও খাদ্যসামগ্রী বিতরণ করা হয়। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম ৯ আসনের জাতীয় সংসদ সদস্য আলহাজ্ব মোহাম্মদ আবু সুফিয়ান এবং চট্টগ্রাম মহানগর বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আবুল হাশেম বক্কর। ডা. শাহাদাত হোসেন বলেন, বিএনপির রাজনীতির সঙ্গে জড়িত সবাইকে সহনশীল হতে হবে। একে অপরকে সম্মান দিতে হবে, শ্রদ্ধাশীল হতে হবে। কারণ এটাই বিএনপির রাজনীতি এবং এর মাধ্যমে বাংলাদেশে পরিবর্তন আনতে হবে। বিশেষ অতিথির বক্তব্যে আবু সুফিয়ান বলেন, মানুষের কষ্ট লাঘবে বিএনপির পক্ষ থেকে এই উদ্যোগ কিছু মানুষের জীবনে অন্তত স্বস্তি ফিরিয়ে আনতে পারবে। অন্তত কয়েক বেলা তারা খেতে পারবে, ইফতার করতে পারবে। তিনি প্রতিটি পাড়া মহল্লায় অসহায় মানুষের পাশে দাঁড়ানোর জন্য বিএনপি নেতাকর্মী ও বিত্তবানদের প্রতি আহ্বান জানান। আবুল হাশেম বক্কর বলেন, বিএনপি জনগণের দল হিসেবে সবসময় এ দেশের আপামর জনগণের কথা বলেছে। বিএনপির সবাই প্রত্যক্ষ ও পরোক্ষভাবে দেশের মানুষের জন্য কাজ করে যাচ্ছে। তাই কেউ দলের ভাবমূর্তি ক্ষুন্ন হচ্ছে এমন কাজে নিজেকে জড়িত করা যাবে না। কোতোয়ালি থানা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আলহাজ্ব জাকির হোসেনের সভাপতিত্বে ও আব্দুল নাসের সাজ্জাদের পরিচালনায় এতে বিশেষ অতিথি ছিলেন মহানগর বিএনপির যুগ্ম আহবায়ক হারুন জামান, ইয়াছিন চৌধুরী লিটন, আহমেদুল আলম চৌধুরী রাসেল, আহবায়ক কমিটির সদস্য খোরশেদ আলম, কামরুল ইসলাম, আনোয়ার হোসেন লিপু, ইসমাইল বালী, কোতোয়ালি থানা বিএনপির সাবেক সভাপতি মনজুর রহমান চৌধুরী, মহানগর বিএনপি নেতা হামিদ হোসাইন, নকিব উদ্দিন ভূঁইয়া। উপস্থিত ছিলেন মহানগর স্বেচ্ছাসেবক দলের সিনিয়র যুগ্ম আহবায়ক জিয়াউর রহমান জিয়া, বিএনপি নেতা আমিনুর রহমান মিয়া, সাদেকুর রহমান রিপন, জাহেদ আহমদ, ইকবাল হোসেন সংগ্রাম, আব্দুর রহমান, সাইফুদ্দিন মির্জা, নূর মোহাম্মদ, মোহাম্মদ মিয়া, রবিউল ইসলাম, আব্দুর রাজ্জাক, ইকবাল শরীফ, মো. ওয়াসিম, হামিদুল হক হামু, আব্দুল কাদের ফিরোজ, মনোয়ারা বেগম, মাইনুদ্দিন, আবুল কাশেম সওদাগর, ইমরান সিদ্দিকী জেকসন, টিপু সুলতান, আব্দুল গনি, আকবর বাচ্চু, আব্দুল মতিন মিন্টু, দেলোয়ার হোসেন, মো. সিরাজ, মো. অভি, আব্দুর রশিদ খোকন, আশরাফ উদ্দিন, মো. মুসা, মো. সালমান, আব্দুর রহমান, মো. বাবুল, মো. জামান, জামাল উদ্দিন, আব্দুর রহমান, ইমরান সিদ্দিকী রানা, মো. বাপ্পি, মো. ইসহাক, আব্দুস শুক্কুর, নাসির উদ্দিন, জসিম উদ্দিন, আব্দুর রাজ্জাক রাজু, মো. সুজন, জাহেদ আহমদ, রাকিব, হানিফ, রাশেদ, শাহেদ প্রমুখ।

## সড়ক ও ফুটপাত থেকে ৪০ দোকান উচ্ছেদ

নগরের চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল এলাকা ও কে বি ফজলুল কাদের রোডের ফুটপাতে অভিযান চালিয়ে ৪০ অস্থায়ী দোকান উচ্ছেদ করেছে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভ্রাম্যমাণ আদালত। আজ রবিবার এ উচ্ছেদ অভিযান পরিচালনা করেন চসিকের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট চৈতী সর্ববিদ্যা। নগরের চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল এলাকা ও কে বি ফজলুল কাদের রোডের উভয় পার্শ্বের ফুটপাত দখল করে দোকান ও ভ্যানগাড়ি বসিয়ে চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি করা হয়। অভিযানে ৪০ টি অবৈধ দোকান ও ভ্যানগাড়ি উচ্ছেদ করে চলাচলের পথ সুগম করা হয়।

স্বাক্ষরিত/-
(আজিজ আহমদ)
জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮